

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন
এফ-১/এ, আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা।

[কাস্টমস: ক্লাসিফিকেশন এ্যান্ড এ্যাডভান্স রুলিং শাখা]

নথি নং-০৮.০১.০০০০.০৫৪.০১.০০৩.২০২৩/

২১

কাস্টমস রুলিং (অগ্রিম) নং- ৬৯/২০২৪

তারিখ: ২৮ ফেব্রুয়ারি, ২০২৪ খ্রিঃ।

বিষয়ঃ আমদানিতব্য **Shoulder Pad** নামক পণ্যের শ্রেণীবিন্যাস বিষয়ক অগ্রিম রুলিং।

সূত্রঃ Aptech Caswier Ltd. এর ১০/১০/২০২৩ খ্রিঃ তারিখের দাখিলকৃত আবেদন।

Aptech Caswier Ltd. নামক প্রতিষ্ঠান Shoulder Pad নামক পণ্যের শ্রেণীবিন্যাস বিষয়ে অগ্রিম রুলিং চেয়ে জাতীয় রাজস্ব বোর্ডের অগ্রিম রুলিং ইউনিট বরাবর নির্ধারিত ফরম-এ আবেদন করেছেন।

(ক) আবেদনকারীর পরিচিতি:

আবেদনকারীর নাম	Aptech Caswier Ltd.
আবেদনকারীর ঠিকানা	Aptech Industrial Park, Holding-30, Sarab, Kashimpur, Gazipur.

(খ) রুলিং সংশ্লিষ্ট পণ্যের বিবরণ:

পণ্যের জেনেরিক, বাণিজ্যিক এবং প্রচলিত নাম	Shoulder Pad
যে ভৌত অবস্থায় (Form) প্রকৃতিতে আমদানি করা হবে	Piece/Pair/Dozen and Solid Form
উৎস দেশ (কান্ট্রি অব অরিজিন)	India/China/Hong Kong
আমদানিকারক কর্তৃক প্রস্তাবিত শ্রেণীবিন্যাস	6217.90.00

২। আবেদনকারীর ঘোষণা অনুযায়ী আমদানি পণ্যের বিবরণ:

Readymade Garments হিসেবে ব্যবহারের জন্য Shoulder Pad নামক পণ্যটি Piece/Pair/Dozen and Solid Form প্রকৃতিতে আমদানি করা হবে।

৩। বর্ণিত পণ্যের সঠিক শ্রেণীবিন্যাস এবং শ্রেণীবিন্যাসের পক্ষে যুক্তিঃ

আমদানিতব্য Shoulder Pad নামীয় পণ্যটির প্রস্তাবিত এইচ এস কোড 6217.90.00। এ প্রসঙ্গে Bangladesh Customs-Tariff (BCT), Explanatory Notes ও সংশ্লিষ্ট দলিলাদি পর্যালোচনায় দেখা যায় যে, Shoulder Pad সমূহ শ্রেণীবিন্যাসিত হবে তাদের Constituent materials এর উপর ভিত্তি করে নিম্নরূপেঃ

পণ্যের নাম	Chapter	Heading	Component
Shoulder Pad	40	40.15	Rubber/ Cellular Rubber
	59	59.10	Impregnated, coated, covered or laminated textile Fabrics
	61	61.17	Knitted or Crocheted Articles
	62	62.17	Textile Material
	63	63.09	Worn Clothing or other

আলোচ্য পণ্যটির নমুনা পর্যালোচনা করে দেখা যায় যে তা Felt এবং Woven Febrics এর সমন্বয়ে গঠিত। Explanatory Notes Volume-3 পৃষ্ঠা- XI-6117-1 The Heading 62.17 covers- (2) Shoulder or other pads. These are usually made of wadding, felt, or textile waste covered with textile fabric. Shoulder and other pads consisting of rubber (usually cellular rubber) not covered with textile material are excluded (heading 40.15).

বর্ণিত অবস্থায়, সার্বিক বিবেচনায় Shoulder pad নামীয় পণ্যটি textile material দিয়ে তৈরি হওয়ায় এইচ এস কোড 6217.90.00 তে শ্রেণীবিন্যাসিত হবে। কাস্টমস রুলিং (অগ্রিম) বিধিমালা, ২০১৬ এর বিধি ৯ মোতাবেক এই অগ্রিম রুলিং জারি করা হলো।

৪। অগ্রিম রুলিং এর কার্যকারিতা:

এই অগ্রিম রুলিং জারি হওয়ার তারিখ হতে ১৮ (আঠার) মাস পর্যন্ত কার্যকর থাকবে।

৫। আবেদনকারীর জন্য গুরুত্বপূর্ণ তথ্য:

(ক) এই অগ্রিম রুলিং এর কার্যকারিতা থাকাকালীন তৎকর্তৃক আমদানিয় পণ্যের জন্য বাংলাদেশের সকল কাস্টমস স্টেশনে ব্যবহার করতে পারবে।

(খ) এই অগ্রিম রুলিং এ সংশ্লিষ্ট হলে রুলিং প্রাপ্তির তারিখ হতে ৬০ (ষাট) কার্যদিবসের মধ্যে তা রিভিউ এর জন্য অগ্রিম রুলিং ইউনিট বরাবরে লিখিতভাবে আবেদন করতে পারবে। রিভিউ আবেদনে উক্তরূপ আবেদনের যৌক্তিকতা সবিস্তারে উল্লেখ করতে হবে।

স্বাক্ষরিত/-২৮.০২.২০২৪

(মোঃ মাসুদ সাদিক)

সদস্য (গ্রেড-১) (কাস্টমস: নীতি ও আইসিটি)

ও

সভাপতি, অগ্রিম রুলিং ইউনিট

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

কমিশনার অব কাস্টমস

কাস্টম হাউস, চট্টগ্রাম/ ঢাকা/ বেনাপোল/ আইসিডি (কমলাপুর)/ মোংলা/ পানগাঁও।

নথি নং-০৮.০১.০০০০.০৫৪.০১.০০৩.২০২৩/ ২২

তারিখ: ২৮ ফেব্রুয়ারি, ২০২৪ খ্রিঃ।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১-১৬। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর)/ (দক্ষিণ)/ (পূর্ব)/ (পশ্চিম)/ চট্টগ্রাম/ রাজশাহী/ সিলেট/ কুমিল্লা/ খুলনা/ যশোর/ রংপুর/ বহুং করদাতা ইউনিট (মুসক)/ (আপীল) ঢাকা-১/ (আপীল) ঢাকা-২/ (আপীল) চট্টগ্রাম/ (আপীল) খুলনা।
- ১৭-২০। মহাপরিচালক, কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা/ শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর, ঢাকা/ নিরীক্ষা, গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, মূল্য সংযোজন কর, ঢাকা/ কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমি, চট্টগ্রাম।
- ২১-২২। কমিশনার, কাস্টমস বন্দ কমিশনারেট, ঢাকা/ চট্টগ্রাম।
- ২৩। কমিশনার, কাস্টমস মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট, ঢাকা।
- ২৭। সিস্টেমস্ ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (ওয়েব-সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ২৪। প্রথম সচিব (কাস্টমস নীতি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
- ২৫। দ্বিতীয় সচিব (কাস্টমস নীতি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
- ২৬। ব্যবস্থাপনা পরিচালক, Aptech Caswier Ltd., Aptech Industrial Park, Holding-30, Sarab, Kashimpur, Gazipur.



(তানভীর আহমেদ)

দ্বিতীয় সচিব

কাস্টমস: ক্লাসিফিকেশন এন্ড এ্যাডভান্স রুলিং

ও

সদস্য সচিব, অগ্রিম রুলিং ইউনিট

ই-মেইল: nbrclassification@gmail.com